

যুগান্তর

তারিখ ...  
পৃষ্ঠা ৭ কলাম ...

১৯. ০৬. ২০০২



বিজ্ঞান মেলায় উদ্বোধনী অনুষ্ঠানে বক্তৃতা করছেন ড. ইব্রাহিম - যুগান্তর

# নটর ডেম কলেজে ২৪ শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান মেলা জমে উঠেছে

## যুগান্তর রিপোর্ট

কিশোর-ওরুণ বিজ্ঞানীদের স্বতঃস্ফূর্ত পদচারণায় মুগ্ধিত হয়ে উঠেছে নটর ডেম কলেজ ক্যাম্পাস। গতকাল নটর ডেম কলেজ সায়েন্স ক্লাবের উদ্যোগে তিন দিনব্যাপী দ্বিতীয় বিজ্ঞান মেলা কলেজ অভ্যন্তরেই শুরু হয়েছে। বিকাল সাড়ে তিনটে মেলার উদ্বোধন করেন বিজ্ঞান গণশিক্ষা কেন্দ্রের পরিচালক ড. ইব্রাহিম। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ড. আলী আসগর। এবারের বিজ্ঞান মেলায় রাজধানীর ২৪টি স্কুল ও কলেজ অংশগ্রহণ করেছে। এর মধ্যে স্কুল ১০টি, কলেজ ৭টি এবং স্কুল এন্ড কলেজ ৭টি। উদ্বোধনী দিনের সকালে জমজমাট স্কুল বিতর্কে অংশগ্রহণ করে ডিকার্ননিসি' নুন স্কুল ও সেন্ট যোসেফ স্কুল। 'পরিবেশ ওকসামাধীনতাই অপারী

## আনন্দধারা

শতকের প্রধান সমস্যা'- এই বিষয়ে দুটি স্কুলের ক্ষুদ্র বক্তারা পক্ষে-বিপক্ষে পরিবেশ বিপর্যয়ের নানা চিত্র তুলে ধরে। এবপর দিনভর বিজ্ঞান ভিত্তিক প্রশ্ন এবং বিষয়ের ওপর অনুষ্ঠিত হয় উপস্থিত বক্তৃতা, কলেজ কুইজ, স্কুল কুইজ ও কলেজ বিতর্ক। ২৪টি স্কুলের ছাত্রছাত্রীরা সবচেয়ে বেশি মেতে উঠেছিল উপস্থিত বক্তৃতা ও কুইজে। আজ দ্বিতীয় দিনেও ছাত্রছাত্রীদের অংশগ্রহণে স্কুল কুইজ, কলেজ কুইজ, কলেজ বিতর্ক, সেমিনার, ম্যাথ অনিম্পিয়াড অনুষ্ঠিত হবার পাশাপাশি সায়েন্স প্রজেক্ট, ডিজিটাল পোস্টার এবং ওয়েব পেইজ প্রদর্শন করা হবে। আগামীকালও একই বিষয়গুলো সর্শনার্থীদের জন্য তুলে ধরা হবে আগামী ১৩ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে পুরস্কার বিতরণী পর্ব।